# 2023

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each questions.*

## UNIT – I (Prose and Drama)

**'ক'–গুচ্ছ : (গদ্যাংশ ও নাটক)**

*১, ২ ও ৩ নম্বর প্রশ্নের ক, খ, গ এই তিনটি করে উত্তর দেওয়া আছে। শুদ্ধ উত্তরটি লেখ।*

১। 'গ্রামস্থ বালকগণ ঐ পাঠশালায় বিদ্যাভ্যাস করিত ।' – পাঠশালাটি ছিল – ১

(ক) রাধামোহন বিদ্যাভূষণের ।

(খ) কালীকান্ত চট্টোপাধ্যায়ের ।

(গ) স্বরূপ চন্দ্র দাসের ।

২। সমগ্র ইউরোপের মধ্যে সবচেয়ে বড় বইয়ের দোকান রয়েছে – ১

(ক) লণ্ডনে ।

(খ) জার্মানিতে ।

(গ) ফিনল্যাণ্ডে ।

৩। বাদুড়ঝোলা সংস্কৃতি পরিষদ সর্বদমনকে কী উপাধি দেবে বলে স্থির করেছিল ? ১

(ক) নট সূর্য ।

(খ) নট নক্ষত্র ।

(গ) নট সম্রাট ।

৪। 'আমার বয়স ২৬ বৎসর । আমার নাম আত্তিলিও গাত্তি' । – কোন্ বংশে আত্তিলিও গাত্তির জন্ম হয়েছিল ? ১

৫। 'স্মৃতির রেখা যখন লিখছেন তখন তিনি অরণ্য পরিবেশ মাঝে, সেই নিবিড় জীবনকে প্রত্যক্ষ করছেন ।' – 'স্মৃতির রেখা' দিনলিপিটি কে লিখেছেন ? ১

৬। মাকালের পিতৃদত্ত নাম কী ছিল ? ১

৭। 'সভ্যরা সবাই মিলে নাটক লিখেছি । এক একজন এক একটা ডায়ালগ' – নাটকটির নাম কী ? ১

৮। পরলোকগত মাধবচন্দ্র তর্কবাচস্পতির বিধবা স্ত্রীর নাম কী ছিল ? তিনি কোন মন্দিরের অধিকারিণী ছিলেন ? ২

৯। দুর্যোগকে প্রধানত দুই ভাগে বিভক্ত করা যায় । – বিভাগ দুটি কী কী ? ২

১০। 'কবি কালিদাসকে সম্মান দেখিয়েছিলেন বলে মহারাজ বিক্রমাদিত্য আজও অমর হয়ে আছেন ।' – কালিদাস কে ? তিনি কোন্ ভাষায় কাব্য রচনা করেছিলেন ? ২

১১। 'আহার বন্ধ হইল শুনিয়া দাসী মোক্ষদা কাতর কণ্ঠে ছলছল নেত্রে বালককে ক্ষমা করিতে অনুনয় করিল ।' – কী অপরাধে কার আহার বন্ধ করা হয়েছিল ? ৩

১২। দুর্যোগ ব্যবস্থাপনা কার্য তিনটি স্তরে বিভক্ত । এই স্তরগুলি কী কী ? ৩

১৩। 'তা হলে আরো বেশী হাততালি পড়ত স্যার । আর সমালোচকেরাও একটা খোরাক পেত ।' – কে কোন্ প্রসঙ্গে কথাগুলি বলেছে ? ৩

১৪। 'আজ আমায় বিরক্ত করিস নে ! আজ মন মেজাজ আমার ভারী খারাপ ।' – কার উক্তি ? বক্তার মন মেজাজ খারাপের কারণ কী ? ৩

১৫। 'সেই সময়ে, প্রসঙ্গক্রমে, পিতৃদেব মাইলস্টোনের উপাখ্যান বলিলেন ।'– মাইলস্টোনের উপাখ্যানটি বর্ণনা কর। ৫

অথবা,

'সাজঘর' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর ।

## UNIT– II (Poetry)

### 'খ'– গুচ্ছ : (পদ্যাংশ)

*১৬ ও ১৭ নম্বর প্রশ্নের ক, খ, গ এই তিনটি করে উত্তর দেওয়া আছে । শুদ্ধ উত্তরটি লেখ ।*

১৬। 'ক্ষত মাত্র হাত তোর মৃণাল–কন্টকগণে

কমল তুলিতে ।' – কমল হল – ১

(ক) জবা ফুল ।

(খ) গোলাপ ফুল ।

(গ) পদ্ম ফুল ।

১৭। 'ত্রিদিবে দেবতা নাও যদি থাকে ধরায় দেবতা চাহি গো চাহি,' । – 'ত্রিদিব' শব্দের অর্থ – ১

(ক) স্বর্গ ।

(খ) মর্ত্য ।

(গ) পাতাল ।

১৮। 'যাদবেন্দ্রে সঙ্গে লইও বাধা পানই হাতে থুইও' – পানই কী ? ১

১৯। 'ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র আঁধার' – 'ক্ষণপ্রভা' শব্দের অর্থ কী ? ১

২০। 'দানব সংহার মানবেরি কাজ, দধীচির হাড় ইন্দ্রের হাতে' – দধীচি কে ? ১

২১। 'মরীচিকা মরুদেশে, নাশে প্রাণ তৃষাক্লেশে ।' — মরীচিকা কী ? ২

২২। 'ধরায় দেবতা চাহি' কবিতায় কবি কী কামনা করেছেন ? ২

২৩। 'তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা' — যন্ত্রণার কারণ কী ? ২

২৪। নারিলি হরিতে মণি, দংশিল কেবল ফণী,
এ বিষম বিষজ্বালা ভুলিবি, মন, কেমনে ?
— বক্তব্যটি ব্যাখ্যা কর । ৩

২৫। 'সেকালে দেবতা গোলক তেয়াগি, মাটির ধরায় নরের গেহে, লইত জনম নর-শিশুরূপে,' — মানুষের ঘরে জন্ম নিয়ে দেবতারা কী করতেন ? ৩

২৬। 'বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে ।' — তাৎপর্য বিশ্লেষণ কর । ৩

২৭। 'বাল্যলীলা' পদটি অনুসরণে যশোদার মাতৃহৃদয়ের পরিচয় দাও । ৫

অথবা,

'আত্মবিলাপ' কবিতায় কবি মধুসূদন দত্তের জীবনের ব্যর্থতার বিষয় কী ভাবে বর্ণিত হয়েছে আলোচনা কর ।

## UNIT – III (Reading)

### 'গ'–গুচ্ছ : (পঠন)

২৮। নিম্নলিখিত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ :

উনবিংশ শতাব্দীর বাংলাদেশের নবজাগরণের প্রাণ প্রবাহের অন্যতম প্রতিভূ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিমচন্দ্রের সাহিত্যাদর্শের প্রভাবে প্রণোদিত হয়ে বহু সাহিত্যিকের আবির্ভাব ঘটেছে । বঙ্কিমচন্দ্রকে নিয়ে গড়ে উঠেছে বঙ্কিম যুগ।

১২৭৯ বঙ্গাব্দের বৈশাখ মাসে বঙ্কিমচন্দ্র বঙ্গদর্শন মাসিক পত্রিকা প্রকাশ করেন । বাংলা সাহিত্যের ইতিহাসে এটি স্মরণীয় ঘটনা । বঙ্গদর্শন পত্রিকা সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর 'জীবনস্মৃতি' গ্রন্থে লিখেছেন, বঙ্গদর্শন এসে বাঙালীর হৃদয় একেবারে লুট করে নিল । বাস্তবিকই বঙ্কিমচন্দ্রের আদর্শ, উদ্দীপনা ও উপদেশে অনেকেই বিজ্ঞান, দর্শন, সাহিত্য, সমাজতত্ত্ব, ধর্মতত্ত্ব, ইতিহাস ইত্যাদি বিষয়ে উৎকৃষ্ট রচনাদি প্রকাশ করে বঙ্গদর্শনকে সমৃদ্ধ করেন ।

সাহিত্য সাধনার উন্মেষকালে বঙ্কিমচন্দ্র ঈশ্বর গুপ্তকে গুরু স্বীকার করে নিয়ে তাঁর আদর্শে খণ্ড খণ্ড কবিতা লেখেন । ১৮৬৪ সালে বঙ্কিমচন্দ্রের লেখা ইংরেজি উপন্যাস Rajmohan's wife প্রকাশিত হয় Indian Field নামে মাসিক পত্রিকায় ।

বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস 'দুর্গেশনন্দিনী' । তাঁর শেষ উপন্যাস 'সীতারাম' । বঙ্কিমচন্দ্রের লেখা উপন্যাসের সংখ্যা চৌদ্দটি । বঙ্কিমচন্দ্রের হাতেই বাংলা উপন্যাস পূর্ণ যৌবনের শক্তি ও সৌন্দর্য লাভ করেছে । শিল্পগুণের উৎকর্ষেই সাহিত্যের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয় । বঙ্কিমচন্দ্রের অধিকাংশ উপন্যাসেই তাঁর ঔপন্যাসিক প্রতিভার শ্রেষ্ঠত্ব প্রকাশ পেয়েছে । বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলিকে ঐতিহাসিক, সামাজিক ও তত্ত্বমূলক উপন্যাস – এই তিন পর্যায়ে ভাগ করা যায় ।

(ক) বঙ্কিমচন্দ্র কবে বঙ্গদর্শন পত্রিকা প্রকাশ করেন ? ১

(খ) বঙ্গদর্শন পত্রিকা সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর কোন্ গ্রন্থে কী লিখেছেন ? ২

(গ) বঙ্কিমচন্দ্র সাহিত্য সাধনায় কাকে গুরু রূপে স্বীকার করেছিলেন ? ১

(ঘ) বঙ্কিমচন্দ্রের লেখা ইংরেজি উপন্যাসটির নাম কী ? উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল ? ২

(ঙ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলিকে কয়টি পর্যায়ে ভাগ করা যায় ? ১

২৯। নিম্নোক্ত রচনাংশটির সারসংক্ষেপ কর : ৩

বর্তমান সভ্যতায় দেখি, এক জায়গায় একদল মানুষ অন্ন উৎপাদনের চেষ্টায় নিজের সমস্ত শক্তি নিয়োগ করেছে, আর এক জায়গায় একদল মানুষ সেই অন্নে প্রাণধারণ করছে। চাঁদের যেমন একপিঠে অন্ধকার, অন্যদিকে আলো, এ সেই রকম । একদিকে দৈন্য মানুষকে পঙ্গু করে রেখেছে – অন্যদিকে ভোগবিলাস সাধনের প্রয়াসে মানুষ উন্মত্ত । অন্নের উৎপাদন হয় গ্রামে আর অর্থের সংগ্রহ চলে নগরে । অর্থ উপার্জনের সুযোগ যেখানেই কেন্দ্রীভূত সেখানেই আরাম, আমোদ ও শিক্ষার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়ে অল্পসংখ্যক লোককে ঐশ্বর্যের আশ্রয় দান করে । গ্রামে ভোগের সেই উচ্ছিষ্ট যা কিছু পৌঁছয়, তা যৎকিঞ্চিৎকর ।

## UNIT– IV (Writing)

### 'ঘ'– গুচ্ছ : (লিখন)

৩০। তারাপুর গ্রামের নেতাজী সংঘ তাদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করবে । উক্ত স্মরণিকায় প্রকাশের জন্য লেখা আহ্বান করে গ্রামবাসীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর । ২

৩১। রাজনগর গ্রামের আদর্শ বিদ্যালয়ে ২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবসে স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়েছে । এই মর্মে একটি প্রতিবেদন রচনা কর । ৩

৩২। তোমার স্কুলের কোন সাংস্কৃতিক অনুষ্ঠানের বিবরণ দিয়ে বন্ধুর নিকট একটি চিঠি লেখ । ৮

অথবা,

শিক্ষামূলক ভ্রমণের উপকারিতা বর্ণনা করে ছোট ভাইয়ের কাছে একটি চিঠি লেখ । (চিঠিতে তোমার নাম লিখবে–'ক' ।)

৩৩। নিম্নোক্ত বিষয় অবলম্বনে ৩০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর : ১২

তোমার প্রিয় গ্রন্থ ।

অথবা

পরিবেশ দূষণ ও তার প্রতিকার ।

## UNIT–V (Functional Grammar)

### 'ঙ'– গুচ্ছ : (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। যে সন্ধিতে স্বরবর্ণের সঙ্গে ব্যঞ্জনবর্ণের অথবা ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরবর্ণের কিংবা ব্যঞ্জনবর্ণের সঙ্গে ব্যঞ্জনবর্ণের মিলন ঘটে, সে জাতীয় সন্ধিকে কী বলে ? ১

৩৫। সন্ধি বিচ্ছেদ কর : উচ্চারণ । ১

৩৬। নিম্নোক্ত বাগধারা দুটি বাক্যে প্রয়োগ কর : ২

অমাবস্যার চাঁদ ।

গড্ডলিকা প্রবাহ ।

৩৭। বাক্য সংকোচন কর : ২

উপকারীর উপকার স্বীকার করে না যে ।

পা থেকে মাথা পর্যন্ত ।

৩৮। বিপরীতার্থক শব্দ লেখ : ২

প্রশংসা ।

অগ্রজ ।

৩৯। পদ পরিবর্তন কর : ২

অনুবাদ । (বিশেষ্য থেকে বিশেষণ)

সার্থক । (বিশেষণ থেকে বিশেষ্য)

---